

সহকারী শিক্ষক (কম্পিউটার) পদে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/সমমান এবং সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার বিষয়ে ছয় মাসের প্রশিক্ষণধারীদের নিয়োগে এমপিওভুক্টির জন্য সুপারিশ করা হয়েছে। হাইকোর্টের রায় অনুসারে শুধু ২০১৬ সালের নিয়োগপ্রার্থীদের জন্য এটি প্রযোজ্য হবে। গতকাল মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করেছে।

এতে বলা হয়েছে, ২০১৫ সালের ৩০ ডিসেম্বর শিক্ষা মন্ত্রণালয় দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এন্ট্রি লেভেলের

শিক্ষক নিয়োগে সুপারিশের দায়িত্ব দেয় এনটিআরসিএকে। এর পরিপ্রেক্ষিতে ২০১৬ সালে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে সহকারী শিক্ষকের (কম্পিউটার) শূন্য পদের চাহিদা অনলাইনে দেওয়া হয়। এ কার্যক্রম ওই বছরেই শেষ হওয়ার কথা থাকলেও হাইকোর্টে মামলার কারণে তা যথাসময়ে সম্পূর্ণ হয়নি। পরবর্তীতে মামলার নিষ্পত্তি হলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতনভাত্তা প্রদান করা হয়।

এ ছাড়া জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা অনুযায়ী সহকারী শিক্ষক (কম্পিউটার) পদের ফল চূড়ান্ত করা হয়। এ অবস্থায় ২০১৭ সালে হাইকোর্টের রায়ের আদেশ অনুযায়ী কেবল ২০১৬ সালের সুপারিশপ্রাপ্তদের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা পালনের অনুরোধ করা হয়েছে।